বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়ের নাম | মোট সমাপ্তকৃত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরন | | | মুল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগর প্রকল্পের সংখা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা |
| ১। | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০৫ টি | ০৫ টি | -- | -- | ০২টি | ০৩ টি | -২৫%<br>-৫০% | ০৩ টি | -১৫%<br>-২৭% |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০৫টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

| প্রকল্পের নাম | প্রকৃত ব্যয় | প্রকৃত বাস্তবায়নকাল |
|---|---|---|
| এস্টাবলিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস। | ৩০৮৩.৬৯ | জুলাই ২০১২ হতে জুন ২০১৭ |
| জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্প | ৪০৬৩.৭২ | নভেম্বর, ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৬ |
| অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণের লক্ষ্যে সমীক্ষা প্রকল্প | ১৭৫.০০ | জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬ |
| মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও মনিটরিং গবেষণাগার স্থাপন (২য় সংশোধিত)। | ১৯২৫.৮৫ | জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৭ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (NINMAS) এর সুবিধাদি উন্নতকরন ও শক্তিশালীকরন। | ২২০৯.০৭ | জানুয়ারি, ২০১৫ থেকে জুন, ২০১৭ |

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

| প্রকল্পের নাম | মেয়াদ বৃদ্ধির কারণ |
|---|---|
| মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও মনিটরিং গবেষণাগার স্থাপন (২য় সংশোধিত)। | প্রকল্পের কর্ম-পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং জাতীয় পে-স্কেল-২০১৫ মোতাবেক উন্নয়ন খাতের জনবলের বেতন বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এবং ব্যয় বৃদ্ধি পায়। |
| এস্টাবলিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস। | প্রকল্পের কর্ম-পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং যথাসময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন না হওয়ার দরুন প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এবং ব্যয় বৃদ্ধি পায়। |
| অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণের লক্ষ্যে সমীক্ষা প্রকল্প | যথাসময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমীক্ষা কার্যক্রম সম্পন্ন না হওয়ার দরুন ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি পায়। |

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

| সমস্যাসমূহ | সুপারিশসমূহ |
|---|---|
| প্রকল্পটি উদ্দেশ্য বাস্তবায়নের জন্য অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। কিন্তু জনবলের অভাবে ল্যবরেটরির কাজ শুরু হয়নি। | প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনীয় জনবল পদায়ন করে ল্যাবরেটরিটি দ্রুত চালু করতে হবে। |

| | |
|---|---|
| ডিআরআইসিএম-এর কাজ সম্পাদনের স্বার্থে প্রয়োজনীয় জনবল না থাকা এবং প্রতিষ্ঠানের সৃষ্ট সেবাসমূহ ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় আইনী অবকাঠামো না থাকা। | ডিআরআইসিএম-এর কাজের গতিশীলতার স্বার্থে প্রয়োজনীয় জনবল নিশ্চিত করতে হবে এবং যে সকল সেবা সৃষ্টি করা হয়েছে সেগুলো যথাযথ ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় আইনী অবকাঠামো সৃষ্টি করা যেতে পারে। |
| কেমিক্যাল মেট্রোলজি বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণের সুযোগ না থাকা, প্রশিক্ষন সংক্রান্ত একটি স্বতন্ত্র ইউনিট না থাকা এবং কেমিক্যাল মেট্রোলজি সংক্রান্ত উচ্চতর গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠায় কিছুটা ঘাটতি বিদ্যমান। | ডিআরআইসিএম সংক্রান্ত পর্যাপ্ত প্রশিক্ষণের সুযোগ সুষ্টি করতে হবে এবং প্রশিক্ষন সংক্রান্ত একটি স্বতন্ত্র ইউনিট গঠন করা যেতে পারে। রেফারেন্স ল্যাবরেটরি হিসেবে ডিআরআইসিএম যাতে কেমিক্যাল মেট্রোলজি সংক্রান্ত সকল ধরনের পরীক্ষণ সম্পন্ন করতে পারে তার জন্য যুগোপযোগী প্রযুক্তি ও সামর্থ্য নিশ্চিত করতে হবে ও উচ্চতর গবেষণায় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা করা যেতে পারে। |
| ক্রয়কৃত আসবাবপত্রসমূহ সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ না করা এবং যথাযথভাবে রক্ষণাবেক্ষণ না করা। প্রকল্প শেষে ওয়ারেন্টি অনুযায়ী ক্রয়কৃত লিফ্ট এবং জেনারেটর নিয়মিত সার্ভিসিং না করা। | প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্রসমূহ সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করাতে হবে এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ওয়ারেন্টি অনুযায়ী লিফ্ট এবং জেনারেটর নিয়মিত সার্ভিসিং করতে হবে। |

**এস্টাবলিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

**( সমাপ্ত : জুন, ২০১৭ )**

১. প্রকল্পের নাম : এস্টাবলিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস।

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৪২০.০০ | ৩১০৬.৬২ | ৩০৮৩.৬৯ | জুলাই ২০১২ ইং হতে জুন ২০১৬ ইং | জুলাই ২০১২ ইং হতে জুন ২০১৭ ইং | জুলাই ২০১২ ইং হতে জুন ২০১৭ ইং | ৬৬৩.৬৯ (২৭%) | ১ বছর (২৫%) |

৫. ক্রমপুঞ্জিত অগ্রগতি : বাস্তব অগ্রগতি ১০০%, আর্থিক অগ্রগতি ৯৯.২৬%

৬. **প্রকল্পের পটভূমি :**

রাসায়নিক পরীক্ষা-নিরীক্ষায় নিয়োজিত বাং লাদেশের ল্যাবরেটরিগুলোর টেস্টিং-এর মান, সঠিকতা, গ্রহণযোগ্যতা এবং কারিগরী সক্ষমতাকে আন্তর্জাতিক প্রতিষ্ঠান IUPAC/ BIPM/ APMP কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক পদ্ধতি অনুসারে পরিচালনার জন্য কোন রেফারেন্স ইনস্টিটিউট বাংলাদেশে ছিলনা। রাসায়নিক পরিমাপ বিজ্ঞান বিষয়ে দে শে বৈজ্ঞানিক কর্মকান্ড পরিচালনার জন্য উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দেশে প্রথমবারের মত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান - ইন্সট্রুমেন্টেশন এন্ড কেলিব্রেশন সার্ভিস ল্যাবরেটরি ফর কেমিক্যাল মেজারমেন্টস (আইসিএসএল) প্রতিষ্ঠা করা হয়। পরবর্তী সময়ে সরকার কর্তৃক আইসিএসএল -এর না ম পরিবর্তন করে ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (ডিআরআইসিএম) নামকরণ করা হয় , যা ১০ জুন ২০১২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন। পরিমাপ বিজ্ঞান বিষয়ে সর্বোচ্চ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা, যথাক্রমে BIPM ও APMP এর পূর্ণাঙ্গ সদস্যপদ অর্জনের মাধ্যমে বাংলাদেশের ল্যাবরেটরিগুলোর রাসায়নিক পরীক্ষা-নিরীক্ষার মান আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করে তোলার জন্য ডিআরআইসিএমের সক্ষমতা বৃদ্ধি , উন্মুক্ত বিশ্ব বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার সক্ষমতা অর্জন করতে এবং রপ্তানি বহুমুখীকরণে জাতীয় ও আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্যের গুণ ও মান নিরূপণ করার লক্ষ্যে অবকাঠামো উন্নয়নের অংশ হি সেবে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭. **প্রকল্পের উদ্দেশ্য :** প্রকল্পের মূল উদ্দেশ্যসমুহ নিম্নরূপ :

- রাসায়নিক পরিমাপ বিজ্ঞানের ডেজিগনে টেড রেফারেন্স ইনস্টিটিউট স্থাপন এবং Asia Pacific Metrology Program (APMP)/ Bureae International des Poids et Measures (BIPM)-এর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভের জন্য প্রয়োজনীয় কারিগরী সক্ষমতা অর্জন।

- ISO/IEC 17043 মান অনুযায়ী দেশীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের মান নির্ধা রণের জন্য আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য Proficiency Testing / Inter-laboratory Comparison (PT/ ILC) প্রোগ্রাম উন্নয়ন ও প্রচলন।

- ISO Guide 30 Series মান অনুযায়ী Traceable CRM উৎপাদন, সংরক্ষণ ও বিতরণের প্রয়োজনীয় কারিগরী কাঠামোর উন্নয়ন।

- রাসায়নিক পরিমাপ বিজ্ঞানে দক্ষ মানবসম্পদ উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনা।

৮. **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :**

প্রকল্পটি ২৪২০.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৩/০৭/২০১২ তারিখে অনুমোদিত হয়। পরবর্তী সময়ে মেয়াদ ও টাকা বৃদ্ধি করে ৩১০৬.৬২ লক্ষ টাকা ব্যয়ে জুন, ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৯. **প্রকল্পের অর্থায়ন :** এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

| অর্থ বছর | এডিপি বরাদ্দ | | প্রকৃত ব্যয় অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|
| | টাকা | বাস্তব লক্ষ্যমাত্রা | মোট ব্যয় | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব % |
| ২০১২-১৩ | ২২০.০০ | ৩.৯৩% | ২১৯.৯৯ | ২১৯.৯৯ | - | ৭.০৮% |
| ২০১৩-১৪ | ৬৫০.০০ | ২১.৯৯% | ৬৪৯.৯৫ | ৬৪৯.৯৫ | - | ২০.৯২% |
| ২০১৪-১৫ | ১৪০৪.০০ | ৫৩.৫১% | ১৩৪৯.২৯ | ১৩৪৯.২৯ | - | ৪৩.৪৩% |
| ২০১৫-১৬ | ৫০০.০০ | ১৩.৯২% | ৪৮৯.৪৬ | ৪৮৯.৪৬ | - | ১৫.৭৬% |
| ২০১৬-১৭ | ৩৭৯.০০ | ৬.৬৫% | ৩৭৫.০০ | ৩৭৫.০০ | - | ১২.০৭% |
| মোট | ৩১৫৩.০০ | ১০০% | ৩০৮৩.৬৯ | ৩০৮৩.৬৯ | - | ৯৯.২৬% |

১০. **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

| অংগের নাম | একক | ডিপিপি অনুযায়ী মাত্রা | | প্রকৃত অগ্রগতি | | বিচ্যুতির কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | |
| অফিসারদের বেতন | ১৬ জন | ১৫৭.২৯ | ১৬ জন | ১৫৭.২৯ | ১৬ জন | - |
| প্রতিষ্ঠান কর্মচারীর বেতন | ১০ জন | ৫৫.৭৪ | ১০ জন | ৫৫.৭৪ | ১০ জন | - |
| টেলিফোন বিল | থোক | ০.৬২ | থোক | ০.৬২ | থোক | - |
| গ্যাস ও জ্বালানী | থোক | ১১.২৫ | থোক | ১১.২৫ | থোক | - |
| ইন্সুরেন্স/ব্যাংক চার্জ | থোক | ৩৩.০০ | থোক | ২৩.৬৮ | থোক | সাশ্রয় হয়েছে |
| মুদ্রন ও প্রকাশনা | থোক | ৭.০০ | থোক | ৭.০০ | থোক | - |
| ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্পস | থোক | ১০.০০ | থোক | ১০.০০ | থোক | - |
| গবেষণা ব্যয় | থোক | ২১.০০ | থোক | ২১.০০ | থোক | - |
| বই ও জার্নাল | থোক | ৮.০০ | থোক | ৮.০০ | থোক | - |
| প্রচারণা ও বিজ্ঞাপন | থোক | ১১.০০ | থোক | ১০.৯৯ | থোক | সাশ্রয় হয়েছে |
| প্রশিক্ষন | থোক | ২৫.০০ | থোক | ২৫.০০ | থোক | - |
| সেমিনার/কনফারেন্স | থোক | ৭০.০০ | থোক | ৬৯.৯১ | থোক | সাশ্রয় হয়েছে |
| শিক্ষা সফর | থোক | ৭০.০০ | থোক | ৭০.০০ | থোক | - |
| আপ্যায়ন ব্যয় | থোক | ৬.০০ | থোক | ৬.০০ | থোক | - |
| ভাড়ায় পরিবহন | থোক | ৩৭.০৫ | থোক | ৩৭.০৫ | থোক | - |
| অনিয়মিত শ্রমিক | থোক | ২.০০ | থোক | ২.০০ | থোক | - |
| রাসায়নিক দ্রবাদি ক্রয় | থোক | ২৭২.০০ | থোক | ২৭২.০০ | থোক | - |
| ব্যবহার্য দ্রব্যদি ক্রয় | থোক | ৩.৫৪ | থোক | ৩.৫৪ | থোক | - |

| অংগের নাম | একক | ডিপিপি অনুযায়ী মাত্রা | | প্রকৃত অগ্রগতি | | বিচ্যুতির কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | |
| কাঁচামাল ও খুচড়া যন্ত্রাংশ | থোক | ৩৪.২৫ | থোক | ৩৪.২৫ | থোক | - |
| সম্মানী/সভা | থোক | ১১.০০ | থোক | ১১.০০ | থোক | - |
| কম্পিউটার সামগ্রী | থোক | ৫.০০ | থোক | ৫.০০ | থোক | - |
| রেজিস্ট্রেশন ফি/ অ্যাক্রিডিটেশন ব্যয় | থোক | ৪৫.০০ | থোক | ৪৫.০০ | থোক | - |
| কমিটি মিটিং | থোক | ২.০০ | থোক | ১.২১ | থোক | সাশ্রয় হয়েছে |
| অন্যান্য ব্যয় | থোক | ৮.০০ | থোক | ৮.০০ | থোক | - |
| কম্পিউটার ও অফিস সরঞ্জাম | থোক | ১০.০০ | থোক | ১০.০০ | থোক | - |
| অফিস ভবন | থোক | ১০.০০ | থোক | ১০.০০ | থোক | - |
| বৈদ্যুতিক অবকাঠামো | থোক | ১৫.০০ | থোক | ১৫.০০ | থোক | - |
| অন্যান্য মেরামত ও সংরক্ষণ | থোক | ২৫.০০ | থোক | ২৫.০০ | থোক | - |
| অন্যান্য ভবন ও স্থাপনা | ২০০০ ব:মি: | ১৫২.১৩ | ২০০০ ব:মি: | ১৫২.১৩ | ২০০০ ব:মি: | - |
| যন্ত্রপাতি সরঞ্জাম | ২৮ সেট | ১৯১৯.০০ | ২৮ সেট | ১৯১৯.০০ | ২৮ সেট | - |
| কম্পিউটার ও যন্ত্রাংশ | ১৬ টি | ৮.০০ | ১৬ টি | ৮.০০ | ১৬ টি | - |
| আসবাবপত্র | ৪০ টি | ২৫.৭৫ | ৪০ টি | ২৫.৭৫ | ৪০ টি | - |
| সিডি ভ্যাট | | ৩৬.০০ | | ২৩.২৮ | | সাশ্রয় হয়েছে |
| মোট = | | **৩১০৬.৬২** | | **৩০৮৩.৬৯** | | |

১১. **কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা :** প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী সকল অংগের কাজ সমাপ্ত হয়েছে।

১২. **প্রকল্পের ক্রয় কার্যক্রম:** উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে ২৮ সেট বৈজ্ঞানিক যন্ত্রপাতি স্বল্প মূল্যের দরপত্র মূল্যায়নপদ্ধতির মাধ্যমে৫৬ টি কম্পিউটার যন্ত্রাংশ ও অফিস আসবাবপত্র ক্রয় করাহয়েছে৷ এছাড়াউন্মুক্ত দরপত্র আহবান এবং স্বল্প মূল্যের দরপত্র মূল্যায়নপদ্ধতির মাধ্যমে ০১টি জেনারেটর স্থাপনসহ রেনোভেশনেরকাজ করা হয়েছে। বিস্তারিত বিবরণ সংলগ্নি ‘ক’ তে উপস্থাপন করা হ’ল।

১৩. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

| ক্রমিক নং | পরিবীক্ষণকারীর নাম ও পদবী | পরিবীক্ষণের তারিখ |
|---|---|---|
| ০১ | কাজী দেলোয়ার হোসেন, সহকারী পরিচালক<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | ২৬/১০/২০১৬ |
| ০২ | মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, উপ-পরিচালক<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শিল্প ও শক্তি সেক্টর<br>পরিকল্পনা মন্ত্রণালয় | ২৭/০৬/২০১৬ |
| ০৩ | মো: ইব্রাহীম খলিল, সহকারী পরিচালক<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ<br>পরিকল্পনা মন্ত্রণালয় | ১৯/০১/২০১৬ |
| ০৪ | আ.ন.ম. রোকন উদ্দিন, পরিচালক<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ<br>পরিকল্পনা মন্ত্রণালয় | ০১/০৬/২০১৫ |

১৪. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

| নাম ও পদবী | পূর্ণকালীন / খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ড. মালা খান<br>চীফ সায়েন্টিফিক অফিসার<br>ও পরিচালক | অতিরিক্ত দায়িত্ব | ০৪-০৭-২০১২ | - | ০৪-০৭-২০১২<br>হতে<br>৩০-০৬-২০১৭ |

১৫. **অডিট সংক্রান্ত :** পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, অডিট অধিদপ্তরের চাহিত রেকর্ডপত্র/তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অডিট কার্যক্রম সম্পাদনের জন্য ডাক টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা এর পিটিএসটিঅ/কে-১/মিস/নথি-৭(১৩) অংশ/নিরীক্ষা সূচী/২০১৭-১৮/২৩১, তারিখ: ১০/১০/২০১৭ স্মারকে আগামী১৫/১১/২০১৭ হতে ১৬/১১/২০১৭ তারিখ নির্ধারণ করা হয়েছে।

১৬. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| ১ | রাসায়নিক পরিমাপ বিজ্ঞানের ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট স্থাপন এবং Asia Pacific Metrology Program (APMP)/ Bureae International des Poids et Measures (BIPM)-এর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভের জন্য প্রয়োজনীয় কারিগরী সক্ষমতা অর্জন। | ➢ যথাযথ কারিগরী যোগ্যতা প্রমাণ করে ১০ অক্টোবর ২০১২ তারিখে ডিআরআইসিএম পরিমাপ বিজ্ঞান সংক্রান্ত বিশ্বের সর্বোচ্চ আন্তর্জাতিক সংস্থা BIPM (Bureau International des Poids et Mesures তথা International Bureau of Weights and Measures)-এর সদস্য পদ অর্জন করে। বিশ্বের ২৭৩ টিরও বেশী সমধর্মী জাতীয় -আন্তর্জাতিক রেফারেন্স ইনস্টিটিউটগুলোর পারস্পরিক সহযোগিতার সর্বোচ্চ নেটওয়ার্কে ইনস্টিটিউটটি যুক্ত হয়েছে।<br>➢ ৭ মে ২০১৩ তারিখে শতভাগ সদস্যরাষ্ট্রের ভোট পেয়ে , রাসায়নিক পরিমাপ বিজ্ঞান সংক্রান্ত ৪০ টিরও বেশি দেশের আঞ্চলিক সংস্থা এশিয়া প্যাসিফিক মেট্রোলজি প্রোগ্রাম APMP-র সদস্যপদ লাভ করেছে।<br>➢ শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় গুনমান নীতিমালাতেও ডিআরআইসিএম-কে রাসায়নিক পরিমাপ সংক্রান্ত অবকাঠামোর একটি গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট - Designated Institute (DI) হিসেবে নির্ধারণ করা হয়েছে।<br>➢ আন্তর্জাতিক সংস্থা "অর্গানাইজেশন ফর দি প্রহিবিশন অব কেমিক্যাল উইপনস(OPCW)"-এর ডেজিগনেটেড ল্যাবরেটরি হিসেবে মনোনীত হয়ে বিশ্বের ১৯০টি দেশের সাথে কারিগরী কর্মকান্ডে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করা হয়েছে।<br>➢ কেমিক্যাল মেট্রোলজি সংক্রান্ত আন্তর্জাতিক কর্মকান্ডে বাংলাদেশের প্রথম উপস্থিতি এবং অবদান বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে। বাংলাদেশের পণ্য রপ্তানী বাণিজ্যে কারিগরী বাধাসমূহ (Technical Barriers to Trade TBT & Sanitary and Phyto Sanitary Measures SPS) দূরীকরণের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ অর্জন।<br>➢ বাংলাদেশে রাসায়নিক পরিমাপ বিজ্ঞানের অবকাঠামো সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ডিআরআইসিএম -এর |

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| | | প্রতিষ্ঠাতা বিজ্ঞানীকে পরিমাপ বিজ্ঞান তথা মেট্রোলজি বিষয়ক এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শীর্ষ সংস্থা - Asia Pacific Metrology Program (APMP) কর্তৃক "2015 APMP DEN (Development Economy) Award" প্রদান করা হয়েছে। |
| ২ | ISO/IEC 17043 মান অনুযায়ী দেশীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের মান নির্ধারণের জন্য আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য Proficiency Testing/ Inter-laboratory Comparison (PT/ ILC) প্রোগ্রাম উন্নয়ন ও প্রচলন। | ➢ দুইটি পিটি/আইএলসি প্রোগ্রামে অংশগ্রহণ করা হয়েছে।<br>➢ প্রাণ-আরএফএল গ্রুপ নিয়মিতভাবে পিটি/আইএলসি প্রোগ্রামে অংশগ্রহণ করছে। গৃহীত টেস্ট রিপোর্ট অনুসারে প্রাণ - আরএফএল গ্রুপ ১৩৫ টি দেশে পণ্য রপ্তানী করছে । |
| ৩ | ISO Guide 30 Series মান অনুযায়ী Traceable CRM উৎপাদন, সংরক্ষণ ও বিতরণের প্রয়োজনীয় কারিগরী কাঠামোর উন্নয়ন। | ➢ পানির একটি সিআরএম Metals in Water (Na, Fe, Zn, Mg, Mn, K, Cd, Ca, Pb, Cu, Cr, As) প্রস্তুত করা হয়েছে।<br>➢ Paracetamol এর Reference Standard (RS) প্রস্তুতকরণ প্রক্রিয়া চলমান।<br>➢ Omeprazol, Azithromycin, Rosovastation এবং Diclofenac Sodium এর Reference Standard (RS) প্রস্তুতের প্রক্রিয়া হাতে নেয়া হয়েছে। |
| ৪ | রাসায়নিক পরিমাপ বিজ্ঞানে দক্ষ মানবসম্পদ উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনা। | ➢ DRiCM দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে নিয়মিতভাবে বিশ্ববিদ্যালয় , গবেষণাগার, শিল্প প্রতিষ্ঠানের বিজ্ঞানী/কর্মকর্তাদের জন্য বি শেষায়িত প্রশিক্ষণ আয়োজন করে। এ ধারাবাহিকতায় আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতিতে ৬১ জন, ক্যালিব্রেশন পদ্ধতিতে ৫ জন, গবেষণাগারের মান আইএসও ১৭০২৫-তে ৬৩ জন, ইন্ডাস্ট্রিয়াল প্রশিক্ষণে ৫৮ জন, সিআরএম প্রশিক্ষণে ১ জনসহ মোট ১৮৮ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে।<br>➢ ৭৫ জন গবেষককে উচ্চতর ডিগ্রী অর্জনে গ বেষণা সহায়তা করা হয়েছে (বিএসসি- ১৭ জন, এমএসসি- ৪৩ জন, এমডি-৭ জন, এমফিল-২ জন, পিএইচডি- ২ জন, এমএস ফেলো-৩ জন, পিএইচডি ফেলো- ১ জন)।<br>➢ আমেরিকান ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান অকুকেয়ার উৎপাদিত ঔষধের জৈব সমতা পরীক্ষাকরণ (বায়োইকুইভ্যালেন্স)-এর কাজ সম্পন্ন হয়েছে। এ সেবার মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব হচ্ছে। |

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

**১৮. প্রকল্প পরিদর্শন :**

"এস্টাবলিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস" শীর্ষক প্রকল্পটি জুন, ২০১৭ সালে সমাপ্ত হওয়ায় বিগত ২৩/১০/২০১৭ তারিখে সমাপ্ত প্রকল্প মূল্যায়নের নিমিত্ত ঢাকার সায়েন্স ল্যাবরেটরিতে অবস্থিত (বিসিএসআইআর ক্যাম্পাসে) প্রকল্পটি আইএমইডি –এর পক্ষ হতে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক, সিনিয়র সায়েন্টিফিক অফিসার এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র**





চিত্র:১ মহাপরিচালক, আইএমইডি কর্তৃক ডিআরআইসিএম পরিদর্শন




চিত্র:২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত humastar 600 মেশিন।



চিত্র:৩ উপ-পরিচালক, আইএমইডি কর্তৃক ডিআরআইসিএম পরিদর্শন।

**১৯. আইএমইডি'র পর্যবেক্ষণ:**

১৯.১ প্রকল্পটি অনুমোদিত ব্যয়সীমার মধ্যে বাস্তবায়িত হয়েছে এবং প্রকল্পের উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশে রাসায়নিক পরিমাপ বিজ্ঞানের ডেজিগনেটেড রেফারেন্স এর অবকাঠামো প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্র গতি সাধিত হয়েছে।

১৯.২ অনুমোদিত ডিপিপি অনুসারে বিসিএসআইআর-এর জুটন ভবনে রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস প্রতিষ্ঠা করা হয়েছে। এই ইনস্টিটিউটে রেফারেন্স পরীক্ষণ সেবা ছাড়াও Proficiency Testing (PT), Inter Laboratory

Comparison (ILC), Certified Reference Material (CRM) উৎপাদন, ক্যালিব্রেশন প্রভৃতি গুরুত্বপূর্ণ সেবার সুযোগ সৃষ্টি করা হয়েছে। এসকল সেবা প্রদানের মাধ্যমে দেশের সকল ল্যাবরেটরীর পরীক্ষণ সেবার মান আন্তর্জাতিক মানের (SI Unit) এর সাথে তুলনাযোগ্য করে তোলার ক্ষেত্র তৈরি হয়েছে।

১৯.৩ ডিআরআইসিএমের অনুকূলে রাজস্ব খাতে ৮০ জন জনবলের অনুমোদন রয়েছে। বর্তমানে ২২ জন কর্মরত আছে। তন্মধ্যে বিজ্ঞানীর সংখ্যা ০৮ জন। যা ডিআরআইসিএমের সৃষ্ট সুযোগ-সুবিধা এবং শিল্প-প্রতিষ্ঠানের সেবা চাহিদা পূরণের জন্য নিতান্ত অপ্রতুল।

১৯.৪ Inter Laboratory Comparison (ILC) ও Proficiency Testing (PT) কর্মসূচীর আওতায় দেশের সকল ল্যাবরেটরিকে ক্রমান্বয়ে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলার জন্য ডিআরআইসিএম-এ সামর্থ্য বৃদ্ধি পেয়েছে।


১৯.৫ অডিট কার্যক্রম সম্পাদনের জন্য ডাক টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা অডিট সম্পাদনের জন্য তারিখ নির্ধারণ করেছে কিন্তু আর্থিক ব্যবস্থাপনা স্বচ্ছতা নিশ্চিতকল্পে প্রকল্পের অডিট এখনও সম্পন্ন হয়নি।

১৯.৬ নিচের সারনীতে ডিআরআইসিএম এর বছর ভিত্তিক আয়ের বিবরণ উপস্থাপন করা হ 'ল। পর্যালোচনায় দেখা যায় ২০১২-১৩ সালে আয়ের পরিমান ছিল ১৫.৭৬ লক্ষ টাকা। সময়ান্তে আয়ের প্রবৃদ্ধি লক্ষ্য করা যায়। ২০১৬-১৭ সালে আয় বৃদ্ধি পেয়ে ৭০.২৪ লক্ষ টাকায় উন্নীত হয়েছে, যা ক্রমবৃদ্ধির প্রবণতা নির্দেশ করে।

**ডিআরআইসিএম এর বছর ভিত্তিক আয়েরবিবরণ**

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | আয় | ব্যয় (বেতন ভাতা বাবদ) |
|---|---|---|
| ২০১২-১৩ | ১৫.৭৬ | ২৮.২৩ |
| ২০১৩-১৪ | ৩৫.৩৮ | ৪৮.৯৪ |
| ২০১৪-১৫ | ৬৪.০৪ | ৪২.৪১ |
| ২০১৫-১৬ | ৪৮.৪৫ | ৪৫.০০ |
| ২০১৬-১৭ | ৭০.২৪ | ৮০.৩ |



**২০. আইএমইডি'র মতামত /সুপারিশ:**

**২০.১. জনবল সংস্থানঃ** সম্ভাবনাময় ইনস্টিটিউটটির কাজের গতিশীলতার স্বার্থে প্রয়োজনীয় জনবল নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের গবেষণাবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। ডিআরআইসিএম-এ যে সকল সেবা সৃষ্টি করা হয়েছে সেগুলো যথাযথ ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় আইনী অবকাঠামো (legal infrastructure) সৃষ্টি করা যেতে পারে;

**২০.২ গবেষণা ও উন্নয়ন:** কেমিক্যাল মেট্রোলজি বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে বিজ্ঞানের নতুন একটি ক্ষেত্র বিধায় ডিআরআইসিএম এ সংক্রান্ত শিক্ষণের পর্যাপ্ত সুযোগ সুষ্টি করতে হবে। ডিআরআইসিএম প্রশিক্ষন সংক্রান্ত একটি স্বতন্ত্র ইউনিট গঠন করা যে তে পারে। রেফারেন্স ল্যাবরেটরি হিসেবে ডিআরআইসিএম যাতে কেমিক্যাল মেট্রোলজি সংক্রান্ত সকল ধরনের পরীক্ষণ সম্পন্ন করতে পারে তার জন্য যুগোপযোগী প্রযুক্তি ও সামর্থ্য নিশ্চিত করতে হবে। কেমিক্যাল মেট্রোলজি সংক্রান্ত উচ্চতর গবেষণায় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানকে সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা করা যেতে পারে;

**২০.৩ যন্ত্রপাতিররক্ষণাবেক্ষণ খুচরা যন্ত্রাংশ ও প্রয়োজনীয়রাসায়নিকদ্রব্য, স্ট্যান্ডার্ড সলভেন্টইত্যাদিক্রয়েরজন্য প্রয়োজনীয়বরাদ্দ নিশ্চিতকরণঃ**এডিপি প্রকল্পেরঅধীনেনবায়নকৃতএ বিভাগেঅত্যন্তসফিসটিকেটেড্ড বিশেষায়িতযন্ত্রপাতিস্থাপিতরয়েছে ওয়ারেন্টিপিরিয়ডসমাপ্তিরপর এসব মূলধনী সম্পদ যথাযথভাবেসচল রাখা, গবেষণা ও উন্নয়ন, প্রশিক্ষণ প্রদান এবং সেবা প্রদান কাজসমূহপরিচালনারলক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ও প্রয়োজনীয় রাসায়নিকদ্রব্য, স্ট্যান্ডার্ড সলভেন্ট ইত্যাদিরক্রয়ের জন্য প্রয়োজনীয়বরাদ্দ নিশ্চিতকরণপ্রয়োজনহবে। বিশেষায়িতএসব যন্ত্রপাতিরক্যালিব্রেশন এবং মেরামত/সংরক্ষণকাজ সঠিকভাবেপরিচালনারজন্য নির্মাতা/সরবরাহকারীপ্রতিষ্ঠানেরসাথে বার্ষিক সেবাগ্রহণ চুক্তি সম্পাদনকরা যেতেপারে। প্রকল্পেরঅধীনেনবসৃষ্টসুবিধাদিরসংরক্ষণও সর্বোচ্চব্যবহারনিশ্চিতকরণেপ্রয়োজনীয়পদক্ষেপগ্রহণ করতেহবে;

**২০.৪ যন্ত্রের লগবুক, নমুনা রেজিস্টার, দর্শনার্থী রেজিস্টার, ইত্যাদি সংরক্ষণ:** ডিআরআইসিএমএ স্থাপিত অত্যন্ত সফিসটিকেটেড্ড বিশেষায়িত যন্ত্রপাতিরলগবুক, নমুনারেজিস্টার, দর্শনার্থীরেজিস্টারইত্যাদিসংরক্ষণকরতেহবে। প্রকল্পেরঅধীনেঅর্জিতসম্পদযথাযথভাবেসম্পদরেজিস্টার এ লিপিবদ্ধকরেট্যাগিং করতেহবে;

**২০.৫ সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরন :** সরকারের নবসৃষ্ট বিসিএসআইআর-এর ডিআরআইসিএম গবেষণাগারে প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন, বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্টরভিত্তিক স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেমিনার সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে স্ব স্ব সেক্টরের জন্য প্রযোজ্য সেবার ব্যবহার এবং নতুন নতুন সেবার সৃষ্টি ও উন্নয়নের জন্য করণীয় নির্ধারণ করতে হবে;

**২০.৬** আর্থিক ব্যবস্থাপনা স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্পের অডিট দ্রুত সম্পন্ন করে আইএমইডিকে অবহিত করতে হবে; এবং

**২০.৭** উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৬) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

সংলগ্নি ‘ক’

যন্ত্রপাতি ও সরঞ্জাম:

| ক্র নং | বিবরণ | অনুমোদিত সংখ্যা (পিপি অনুযায়ী) | ক্রয়কৃত সংখ্যা | কার্যাদেশের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | Isotope dilution LC/MS/MS Mass Spectroscopy with accessories | ১ | ১ | ০১.১২.১৪ |
| ০২ | Isotope dilution Laser Ablaption ICPMS | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ০৩ | Air Quality Monitoring System | ১ | ১ | ১২.১২.১৬ |
| ০৪ | Isotope dilution Gas Chromatography Mass Spectrophotometer- Mass Spectrophotometer | ১ | ১ | ০১.১২.১৪ |
| ০৫ | Homogenizer (Heavy Duty) | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ০৬ | Automatic Sieve Shaker | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ০৭ | Auto Titrator | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ০৮ | Protein Distillation Apparatus | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ০৯ | Pressing Machine | ১ | ১ | ২১.১০.১৩ |
| ১০ | Bomb Calorimeter | ১ | ১ | ২১.১০.১৩ |
| ১১ | CNOS Analyzer | ১ | ১ | ২১.১০.১৩ |
| ১২ | Biochemistry Analyzer | ১ | ১ | ২৩.১০.১৩ |
| ১৩ | Dissolution Tester | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ১৪ | Disintegration Tester | ১ | ১ | ১৮.০৩.১৪ |
| ১৫ | Hardness | ১ | ১ | ১৮.০৩.১৪ |
| ১৬ | Friability | ১ | ১ | ২০.০৫.১৫ |
| ১৭ | Ion Chromatography | ১ | ১ | ২৮.১০.১৩ |
| ১৮ | Accessories for Mass Spectrophotometer (SPE complete set, Kuderna Danish Concentrator), Microwave Digester & Special Glassware Set | ১ | ১ | ২৪.০৯.১৩ |
| ১৯ | Automatic CRM labeling dispensing, bottling & sealing machine (powder and liquid) and Calibration Equipment Set | ৩ | ৩ | ০৩.০৩.১৩<br>০৬.০২.১৪<br>২২.১১.১৬ |
| ২০ | Atomic Absorption Spectrophotometer | ১ | ১ | ০৩.০১.১৬ |
| ২১ | Distillation Unit for Acid | ১ | ১ | ০৩.০১.১৬ |
| ২২ | Microwave System | ২ | ২ | ০৩.০১.১৬ |
| ২৩ | Muffle Furnace (600˚C) | ২ | ২ | ০৩.০১.১৬ |
| ২৪ | Mercury Analyzer | ১ | ১ | ০৩.০১.১৬ |

আসবাবপত্র:

| ক্র নং | বিবরণ | অনুমোদিত সংখ্যা (পিপি অনুযায়ী) | ক্রয়কৃত সংখ্যা | কার্যাদেশের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | Auditorium Dias | ১ সেট | ১ সেট | ২১.০১.১৪ |
| ০২ | Dias Table | ১ সেট | ১ সেট | ২২.১০.১৪ |
| ০৩ | Dias presenter Table (Rostrum) | ১ সেট | ১ সেট | ২১.০১.১৪ |
| ০৪ | Work Station with seat | ২০ | ২০ | ২৪.১২.১২ |
| ০৫ | Laminar flow workstation | ২ সেট | ২ সেট | ২২.১০.১৪<br>০৯.০৬.১৫ |
| ০৬ | Reception Workstation | ১ সেট | ১ সেট | ০৭.০৬.১৫ |
| ০৭ | Rack for CRMs | ২ সেট | ২ সেট | ০৭.০৬.১৫ |
| ০৮ | Sofa set for conference room | ৪ সেট | ৪ সেট | ২৩.১২.১২ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | Round table with 6 chair for reader | ১ সেট | ১ সেট | ০৭.০৬.১৫ |
| ১০ | Seminer/workshop table with seat | ৭ সেট | ৭ সেট | ০৭.০৬.১৫<br>০৯.০৬.১৫ |

অফিস সরঞ্জাম:

| ক্র নং | বিবরণ | অনুমোদিত সংখ্যা (পিপি অনুযায়ী) | ক্রয়কৃত সংখ্যা | কার্যাদেশের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | Computer with UPS | ৮ | ৮ | ১৮.০৯.১৩ |
| ০২ | Heavy Duty Photocopier | ১ | ১ | ১১.১২.১৩ |
| ০৩ | Registered Software for PC | ৬ | ৬ | ১১.১২.১৩ |
| ০৪ | Scanner | ১ | ১ | ১১.১২.১৩ |

নির্মাণ কাজ:

| ক্র নং | কাজের বিবরণ | অনুমোদিত সংখ্যা (পিপি অনুযায়ী) | ক্রয়কৃত সংখ্যা | কার্যাদেশের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | Artificial Patent stone work for the roof of the DRiCM main laboratory building and underground room | ১৫০০ ব:মি | ১৫০০ ব:মি | ১৯.১২.১২ |
| ০২ | Preparation of fiber glass with steel structure of roofing Shed for HVAC ducting system | ৭৩ ব:মি | ৭৩ ব:মি | ২৯.০৪.১৫ |
| ০৩ | Construction of security post (2 nos.) with toilet for guard of DRiCM laboratory building (civil+ electrical+ sanitary with internal fitting) | ২৫ ব:মি | ২৫ ব:মি | ২৮.০১.১৩ |
| ০৪ | Painting work (Plastic emulsion paint & weather coat of the DRiCM main laboratory building) | ৩৫৭৫ ব:মি | ৩৫৭৫ ব:মি | ১১.০৬.১৫ |
| ০৫ | Preparation of mural of Dr. Qudrat-i-Khuda | থোক | থোক | ০২.০৩.১৪ |
| ০৬ | Gardening for beautification | ২৪২৩ ব:মি | ২৪২৩ ব:মি | ০২.০৩.১৪ |
| ০৭ | Preparation of reception room<br>i. Electrical work<br>ii. Interior decoration | ৪৫.৬০ ব:মি | ৪৫.৬০ ব:মি | ২৬.০৮.১২ |
| ০৮ | Electrification & electrical connection from newly installed 800 KVA Substation to laboratory end-point through wiring tray system with angle frame. | থোক | থোক | ২৬.০৯.১৩ |
| ০৯ | 100 KVA generator with the other necessary items for complete installation | ১ টি | ১ টি | ২৬.০৯.১৩ |
| ১০ | Electrical work (electric poles with REB Light shed, wiring, halogen lamp, hanging porch light, etc.) for security and beautification | থোক | থোক | ১৬.১০.১৪<br>১১.১২.১৪ |
| ১১ | Venetian Blind | ৯৩ ব:মি: | ৯৩ ব:মি: | - |
| ১২ | Exhaust ducting system for chemical vapor outlet | ৫ সেট | ৫ সেট | ২০.০৭.১৫<br>২৪.০৯.১৫ |
| ১৩ | Security wall for the institute building | ২৫০ ব:মি | ২৫০ ব:মি | ২১.১২.১৪ |

# অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণের লক্ষ্যে সমীক্ষা প্রকল্পর সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৬)**

১. প্রকল্পের নাম : অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণের লক্ষ্যে সমীক্ষা প্রকল্প

২. উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

৪. প্রকল্প এলাকা : ঢাকা।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মূল ব্যয়ের হ্রাস/ বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* |
| ১৯৫.০০ | ১৭৫.০০ | ১৭৫.০০ | জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৬ | জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬ | জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬ | -২০.০০ (-১০.২৬%) | ৬মাস (৫০%) |

৬. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ( PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | রাজস্ব খাত | - | - | ১৯৫.০০ | - | ১৭৫.০০ |
| ২। | মূলধনখাত | - | - | ০.০০ | - | ০.০০ |
| ৩। | প্রাইজকনটিনজেন্সী | - | - | ০.০০ | - | ০.০০ |
| | মোট: | - | - | ১৯৫.০০ | - | ১৭৫.০০ |

| **বাজেট** | **ইকোনমিক কোড/সাব-কোড** | **কোড/ সাব-কোড বর্ণনা** | **মোট জিওবি (লক্ষ টাকায়)** |
|---|---|---|---|
| রাজস্ব | ৪৮২৮ | স্টেশনারী মালামাল | ৫.০০ |
| | ৪৮৪০ | স্ট্যাডি ট্যুর | ১৪৫.০০ |
| | ৪৮৪২ | সেমিনার ও মিটিং | ৫.০০ |
| | ৪৮৮৬ | সম্ভাব্যতা যাচাই | ১৫.০০ |
| | ৪৮৯৯ | অন্যান্য | ৫.০০ |
| | | **মোট:** | **১৭৫.০০** |

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৩ জন কর্মকর্তার বিদেশে প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যমাত্রা ছিল। তন্মধ্যে ৯ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। অর্থ ছাড় না হওয়ায় ৪ জন কে প্রশিক্ষণ প্রদান সম্ভব হয়নি।

৮. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি:

বিগত ৩০ এপ্রিল, ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বিদ্যমান পুরাতন এবং উর্ধ্বমুখী সম্প্রসারণের অনুপযোগী ভবন অপসারণ করে একটি আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবন নির্মাণ করে বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন করতে হবে" মর্মে দিক নির্দেশনা দেন। তৎপ্রেক্ষিতে মূল প্রকল্প প্রণয়নের লক্ষ্যে বিগত ১৪/০৬/২০১৫ তারিখে উপস্থাপিত সমীক্ষা প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন লাভ করে।

১০. প্রকল্পের উদ্দেশ্য : মাননীয় প্রধান মন্ত্রীর দিকনির্দেশনা মোতাবেক মূল প্রকল্প "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন এবং উক্ত প্রকল্পের উপর সমীক্ষা গ্রহণ।

১১. প্রকল্পের অনুমোদন: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ১৪ জুন ২০১৫ তারিখে মোট ১৯৫.০০ লক্ষ টাকা (এর সম্পূর্ণ অংশই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ১ জুলাই ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি করা হয়।

১২. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়নি।

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

| নাম ও পদবী | পূর্ণকালীন / খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১। সবপন কুমার রায়<br>মহাপরিচালক<br>(অতিরিক্ত সচিব) | অতিরিক্ত দায়িত্ব | ০৮/০১/২০১৫ | - | ০৮/০১/২০১৫<br>হতে<br>৩১/১২/২০১৬ |

১৪. **অডিট সংক্রান্ত :**অডিট সম্পন্ন হয়ছে।

| অডিট সময়কাল | অডিট রিপোর্ট জমাদানের তারিখ | অডিট আপত্তি আছে কিনা | অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা |
|---|---|---|---|
| ২০১৫-১৬ | ০৯.১০.২০১৬ | নাই | - |
| ২০১৬-১৭ | - | নাই | - |

১৫. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **অর্জিত ফলাফল** |
|---|---|
| ১. মাননীয় প্রধান মন্ত্রীর দিকনির্দেশনা মোতাবেক মূল প্রকল্প "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন এবং উক্ত প্রকল্পের উপর সমীক্ষা গ্রহণ | **১.** অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণের লক্ষ্যে একটি এশীয় (দক্ষিণ কোরিয়া) এবং একটি ইউরোপীয় দেশে (জার্মানি) স্ট্যাডি ট্যুর আয়োজন করা হয়েছে।<br>**২.** স্ট্যাডি ট্যুর পরবর্তী ২৩/০৬/২০১৫ তারিখে কর্মশালা এবং ২৪/১২/২০১৬ তারিখে সেমিনার আয়োজন করা হয়েছে।<br>**৩.** Dobey International ltd. কর্তৃক মূল প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করা হয়েছে।<br>**৪.** অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ০১.০১.২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে PEC সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা মোতাবেক DPP পুনর্গঠনের কাজ চলছে। |

১৬. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৭. প্রকল্প এলাকা পরিদর্শন:


১৭.১ গত ১২/০২/২০১৮ তারিখ আইএমইডি'র উপপরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব সুকল্যাণ বাছাড়, কিউরেটর (একাডেমিক) সহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

**প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:**






চিত্র:১ও২ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে প্রকল্প পরিদর্শন


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ডেভলপমেন্ট প্রোজেক্ট প্রপোজাল (ডিপিপি)


প্রকল্পের নাম : অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন

পরিমান : ২৫৪৮২৯.৪৭ লক্ষ টাকা

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

নভেম্বর' ১৭




চিত্র:৩প্রকল্পের মাধ্যমে প্রণীত ডিপিপির প্রচ্ছদ

চিত্র:৪ প্রকল্পের মাধ্যমে সম্পাদিত ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট

**১৮. আইএমইডি'রপর্যবেক্ষণ:**

১৮.১ প্রকল্পটি অনুমোদিত ব্যয় সীমার মধ্যে বাস্তবায়িত হলেও অনুমোদিত সময়সমীর মধ্যে সমাপ্ত করা হয়নি ।৬ মাস সময় বেশি লেগেছিল।

১৮.২ ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৩ জন কর্মকর্তার বিদেশে প্রশিক্ষণে র প্রস্তাব ছিল। ত ন্মধ্যে ৯ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ

করেছেন। অর্থ ছাড় না হওয়ায় ৪ জন প্রশিক্ষণ করেননি। যে ৯ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণে কিউরেটরিয়াল পদভুক্ত কেউ প্রশিক্ষণ গ্রহণ করেননি, যা "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" প্রকল্পের উদ্দেশ্য অর্জনে সহায়ক নয়।

১৮.৩ সমীক্ষা প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬ সালে সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্তির পর ১ বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে। "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" মূল প্রকল্পটি এখনো শুরু হয়নি।

**১৯. আইএমইডি'র মতামত/সুপারিশ:**

১৯.১ ভবিষ্যতে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদিত ব্যয় ও সময়সীমার মধ্যে বাস্তবায়ন করতে হবে।

১৯.২ "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" প্রকল্প বা প্রশাসনিক মন্ত্রণালয়ের অন্যান্য প্রকল্পে "প্রকল্প বাস্তবায়ন ইউনিটে " সম্পৃক্ত ব্যক্তিবর্গ ভবিষ্যৎতে যাতে প্রশিক্ষণ গ্রহণ হতে বাদ না পড়ে সে বিষয়ে সচেস্ট থাকতে হবে।

১৯.৩ "অত্যাধুনিক ও বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নির্মাণ" মূল প্রকল্প শুরুর প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে হবে।

১৯.৪ ডিপিপি প্রণয়নে ফিজিবিলিটি স্টাডি রিপোর্টে প্রদত্ত সুপারিশসমূহ বিবেচনায় নিতে হবে।

১৯.৫ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৪) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

## ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (NINMAS) এর সুবিধাদি উন্নতকরন ও শক্তিশালীকরন শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: জুন, ২০১৭)**

১. প্রকল্পের নাম : ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (NINMAS) এর সুবিধাদি উন্নতকরন ও শক্তিশালীকরন।
"Upgrading and Strengthening the facilities at National Institute of Nuclear Medicine & Allied Sciences"

২. উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

৪. প্রকল্প এলাকা : ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (NINMAS),বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) ক্যাম্পাস, শাহবাগ, ঢাকা।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* |
| ২৪৭৫.০০ | ২২২১.০০ | ২২০৯.০৭ | জানুয়ারি ,২০১৫ থেকে জুন, ২০১৭ | জানুয়ারি ,২০১৫ থেকে জুন, ২০১৭ | জানুয়ারি , ২০১৫ থেকে জুন, ২০১৭ | -১১.৯৩ (-০.৫৪%) | - |

৬. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ( PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

*(লক্ষ টাকায়)*

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | রাজস্ব খাত | - | - | ১৫৩.০০ | - | ১৪৭.১৪ |
| ২। | মূলধন খাত | - | - | ২০৫৯.০০ | - | ২০৫৫.০৬ |
| ৩। | প্রাইজ কনটিনজেন্সী | - | - | ৯.০০ | - | ৬.৮৮ |
| | মোট: | - | - | ২২২১.০০ | - | ২২০৯.০৭ |

| ক্রমিক নং | অনুমোদিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|---|---|
| **(ক) রাজস্বঃ** | | | | বাস্তব অগ্রগতি | আর্থিক অগ্রগতি |
| ১ | **সরবরাহ ও সেবা** | - | ১৫৩.০০ | | ১৪৭.১৪ (৯৬.১৭%) |
| উপ-মোট (রাজস্ব) | | | ১৫৩.০০ | | |
| **(খ) মূলধনঃ** | | | | | |
| ১ | **যন্ত্রপাতি** | | | | |
| | বিদেশী যন্ত্রপাতি | ১৩ টি | ১৫১৬.৭৫ | ১৩ টি | ১৫১৬.৭৫ (১০০%) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | স্থানীয় যন্ত্রপাতি | ১০৮ টি | ৩১২.৮৮ | ১০৮ টি | ৩১২.৪৪ (৯৯.৮৬%) |
| ২ | আসবাবপত্র | ৮১ টি | ৮.৫০ | ৮১টি | ৮.৫০ (১০০%) |
| ৩ | অন্যান্য কনস্ট্রাকসান কার্যক্রম | - | | | |
| | যন্ত্রপাতি স্থাপনের নিমিত্তে প্রয়োজনীয় পুনঃগঠন ও সংস্কার কার্যক্রম | - | ২০০.৭০ | | ২০০.২০ (৯৯.৭৫%) |
| ৪ | সি ডি ভ্যাট | | ২০.১৭ | | ১৭.১৬(৮৫.০৮%) |
| উপ-মোট (মূলধনঃ) | | | ২০৫৯.০০ | | ২০৫৫.০৬ |
| (গ) প্রাইস কনটিনজেন্সী | | | ৯.০০ | | ৬.৮৮ (৭৬.৪৪%) |
| (ঘ) ফিজিক্যার কনটিনজেন্সী | | | ০০.০০ | | ০০.০০ |
| মোট (ক+খ+গ+ঘ) | | | ২২২১.০০ | | ২২০৯.০৭ (৯৯.৪৬%) |

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৯.৪৬% এবং বাস্তব অগ্রগতি ১০০% |

৮. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি:

পরমাণু চিকিৎসা প্রযুক্তি ব্যবহার করে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়সহ দেশের ১৫টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে পরমাণু চিকিৎসা কেন্দ্র স্থাপন করে চিকিৎসা সেবা প্রদান করে আসছে। বিদ্যমান ইনস্টিটিউট গুলিতে যে সেবা প্রদান করা হয় তা আর্থিকভাবে সাশ্রয়ী ও জনকল্যান মুখী। পরমাণু চিকিৎসার নতুন নতুন পদ্ধতি উদ্ভাবিত হওয়ায় এবং উত্তরোত্তর রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নিন্মাস ঢাকা-এর বিদ্যমানসুযোগ সুবিধা বৃদ্ধি এবং নতুন যন্ত্রপাতি সংগ্রহ অতি জরন্নরি বিধায় এই প্রকল্প প্রস্তাব করা হয়।

১০. প্রকল্পের উদ্দেশ্য :

- মুখ্য উদ্দেশ্য নিনমাস এ কিছু নুতন উন্নত যন্ত্রপাতি ক্রয় করা
- বাড়তি সংখ্যক রোগীদের সেবা প্রদান ও রোগীদের অপেক্ষাকাল সংক্ষিপ্ত করা
- ইনস্টিটিউট এর রোগীদের সেবাদান কার্যক্রম উন্নতকরন
- দেশের সাধারণ জনগনকে সাধ্যানুযায়ী খরচে আধুনিক নিউক্লিয়ার মেডিসিন এর সেবাদান
- নিনমাস ও অন্যান্য ইনস্টিটিউট এর ডাক্তার ও বিজ্ঞানীদের গবেষণার সুযোগ ও প্রসার করা

১১. প্রকল্পের অনুমোদন: প্রকল্পটি গত ২৭/১০/২০১৪ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। এ সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি জানুয়ারি ২০১৫ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে মোট ২৪৭৫.০০ লক্ষ টাকা (বৈদেশিক মূদ্রা মোট ১৮০০.০০ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৪/১২/২০১৪ তারিখে অনুমোদিত হয় ও ১২/০১/২০১৫ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়|

১২. প্রকল্পের সংশোধন: প্রকল্পের আওতায় বৈদেশিক ও স্থানীয় যন্ত্রপাতির ক্রয়ে আর্থিক সাশ্রয়, কিছু স্থানীয় যন্ত্রপাতির পরিমান বৃদ্ধি, রেনোভেশন খাতে বরাদ্দ বৃদ্ধি, রাজস্ব খাতের কয়েকটি অঙ্গের পুনর্বিন্যাস, আমদানিকৃত যন্ত্রপাতির জন্য সিডি/ভ্যাট এবং প্রাইস/ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে বরাদ্দ হ্রাস করার প্রয়োজনে প্রথম সংশোধন করা হয়। ডিপিইসি সভার সুপারিশক্রমে প্রকল্পের বাস্তবায়নকাল ঠিক রেখে প্রকল্পের বরাদ্দ কমিয়ে ২২২১.০০ লক্ষ টাকা (বৈদেশিক মূদ্রায় ১৫১৬.৭৫ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের প্রথম সংশোধন গত ০৪/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২৭/১২/২০১৬ তারিখে অনুমোদিত হয়।

১৩. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

| পরিদর্শনকারী কর্মকর্তা | তারিখ | চিহ্নিত সমস্যা | সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। মোঃ ইব্রাহীম খলিল<br>সহকারী পরিচালক | ১০/১১/২০১৫ | রেনোভেশন এর কাজের দরপত্র আহ্বান না করাতে প্রকল্পের আওতায় যন্ত্রপাতি সঠিক সময়ে না স্থাপন হওয়ার আশংকা | প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত মেরামত কাজের দরপত্র শীঘ্রই আহ্বান করতে হবে | |
| ২। মোঃ কামাল হোসেন তালুকদার<br>সহকারী পরিচালক | ২২/০৮/২০১৬ | যন্ত্রপাতি স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় সংস্কার কার্যক্রমের বরাদ্দ অপ্রতুল | প্রকল্পের আওতায় ক্রয়তব্য যন্ত্রপাতি যেন অব্যবহৃত অবস্থায় পড়ে না থাকে এবং যন্ত্রপাতির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ হয় সে বিষয়টি মন্ত্রণালয়/ সংস্থা নিশ্চিত করবে | পরবর্তী পরিদর্শনে মেরামত কাজ যথাসময়ে সম্পন্ন হয়েছে বলে বর্ণনা করা হয়। |
| ৩। সাইফুর রহমান<br>সহকারী পরিচালক | ০৪/০৫/২০১৭ | | | পরবর্তীতে RDPP এর মাধ্যমে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রমের বরাদ্দ নিশ্চিত করা হয়। |

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

| নাম ও পদবী | পূর্ণকালীন / খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১। ফারিয়া নাসরিন<br>প্রধান চিকিৎসা কর্মকর্তা | অতিরিক্ত দায়িত্ব | ২৮/০১/২০১৫ | - | ২৮/০১/২০১৫ হতে ৩০/০৬/২০১৭ |

১৫. **অডিট সংক্রান্ত :** অডিট সম্পন্ন হয়েছে।

| অডিট সময়কাল | অডিট রিপোর্ট জমাদানের তারিখ | অডিট আপত্তি আছে কিনা | অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা |
|---|---|---|---|
| ২০১৪-২০১৫ | ০৫/০৯/২০১৬ | নাই | |
| ২০১৫-২০১৬ | ০৫/০৯/২০১৬ | আপত্তি আছে | আপত্তি নিস্পত্তি হয়েছে |
| ২০১৬-২০১৭ | ১০/০১/২০১৮ | আপত্তি আছে | ব্যাখ্যা সহকারে আপত্তি নিস্পত্তি করার জন্য প্রেরণ করা হয়েছে |

১৬. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **অর্জিত ফলাফল** |
|---|---|
| ক) মুখ্য উদ্দেশ্য নিনমাস এ কিছু সংখ্যক নুতন উন্নত যন্ত্রপাতি ক্রয় করা | ক) নিনমাসে ১৩টি বৈদেশিক এবং ১০৮টি স্থানীয় যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এসকল যন্ত্রপাতি নূতন, উন্নত ও অত্যাধুনিক। এরমধ্যে SPECT-CT Scanner, Automated Medical Immuno-Chemistry Analyzer, 4D Colour Doppler Ultrasound প্রথম বারের মত নিনমাসে স্থাপিত হলো। |
| খ) বাড়তি সংখ্যক রোগীদের সেবা প্রদান ও রোগীদের অপেক্ষাকাল সংক্ষিপ্ত করা | খ) নিনমাসে উন্নত নূতন যন্ত্রপাতি স্থাপন করার ফলে পূর্বের তুলনায় অধিক সংখ্যক রোগীকে সেবাদান করা সম্ভব হচ্ছে। নিনমাসের বাৎসরিক আয় থেকে এর ধারনা পাওয়া যায় । প্রকল্প শুরুর পূর্বে নিনমাসের বাৎসরিক আয় ছিল ৪,৪৯,২৮,২৩০.০০ যা ২০১৬-২০১৭ |

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| | তে ৫,৮৭,৩৬,৫০৫.০০ হয়েছে। প্রকল্প শুরুর পূর্বে রোগীদের কিছু পরীক্ষার তারিখ পাওয়ার ক্ষেত্রে কমপক্ষে ৩ মাস অপেক্ষা করতে হতো যা সকল যন্ত্র সচল থাকায় বর্তমানে অপেক্ষাকাল সর্বোচ্চ ১ মাস। |
| গ) ইনস্টিটিউট এর রোগীদের সেবাদান কার্যক্রম উন্নতকরন | গ) ইনস্টিটিউট এর রোগীদের সেবাদান কার্যক্রম উন্নতকরন করার জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহন করা হয়েছে<br>১। নিনমাসের অভ্যর্থনা নুতন আঙ্গিকে সংস্কার করা হয়েছে<br>২। নিনমাসে প্রথমবারের মত ডিজিটাল টোকেন সিস্টেম চালু করা হয়েছ<br>৩। অসুস্থ রোগীদের সার্বক্ষণিক খেয়াল রাখার জন্য ও ইনস্টিটিউট এর নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।<br>৪। রোগীদের অপেক্ষার স্থান সংস্কার করে আরামদায়ক করা হয়েছে।<br>৫। রোগীদের সুবিধার্থে থাইরয়েড ও ইমেজিং রিসেপ্শন নূতন করে করা হয়েছে।<br>৬। রোগীদের মানসিক অবসাদ দূর করার জন্য বিভিন্ন কক্ষে মৃদু সঙ্গীত এর ব্যবস্থা নেয়া হয়েছে।<br>৭। রোগীদের টয়লেট সমূহ ব্যবহার উপযোগী করে সংস্কার করা হয়েছে।<br>৮। প্রধানমন্ত্রীর পদক্ষেপকে অনুসরন করে ব্রেস্ট ফিডিং কর্নার তৈরি করা হয়েছে।<br>৯। নিনমাসে প্রথম বারের মত ল্যাবরেটরি ইনফরমেশন সিস্টেম চালু করা হয়েছে। |
| ঘ) দেশের সাধারণ জনগনকে সাধ্যানুযায়ী খরচে আধুনিক নিউক্লিয়ার মেডিসিন এর সেবাদান | ঘ) প্রকল্পের আওতায় ক্রয়কৃত উন্নত যন্ত্রপাতির সাহায্যে সাধারণ মানুষের সাধ্যানুযায়ী সেবা প্রদান করা হচ্ছে। প্রাইভেট সেক্টর এর তুলনা য় নিনমাস একই সেবা অথবা তার চেয়ে অধিকতর উন্নত সেবা এক তৃতীয়াংশ মূল্যে প্রদান করছে। |
| ঙ) নিনমাস ও অন্যান্য ইনস্টিটিউট এর ডাক্তার ও বিজ্ঞানীদের গবেষণার সুযোগ ও প্রসার করা | ঙ) প্রকল্পের আওতায় ক্রয়কৃত অত্যাধুনিক যন্ত্রপাতি নিনমাস ও অন্যান্য ইনস্টিটিউট এর চিকিৎসক ও বিজ্ঞানীদের গবেষণার নুতন দ্বার উন্মুক্ত করছে। . |

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৮. প্রকল্প এলাকা পরিদর্শন/পর্যবেক্ষণ:

গত ১২/০২/২০১৮ তারিখ আইএমইডি'র উপ পরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় নিনমাসের পরিচালক অধ্যাপক ডাঃ নুরুন নাহার, প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

১৮.১ প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অংগ ছিল আমদানিকৃত পরমাণু চিকিৎসার অত্যাধুনিক চিকিৎসা যন্ত্রপাতি। অনুমোদিত ডিপিপিতে ১৩টি বৈদেশিক যন্ত্রপাতির সংস্থান ছিল যা নিম্নরুপ:

| যন্ত্রের বর্ণনা | যন্ত্রের পরিমাণ |
|---|---|
| Dual head SPECT-CT scanner with accessories | ১ সেট |
| Dual head SPECT scanner with accessories | ২ সেট |
| Automated Medical Immuno-Chemistry Analyzer | ২ সেট |
| BMD Machine | ১ সেট |
| Single Head Gamma Camera for Thyroid | ১ সেট |
| Thyroid Uptake Machine | ১ সেট |
| High grade Color Doppler Ultrasound | ১ সেট |
| Color Doppler with 4D Ultrasound | ১ সেট |

| যন্ত্রের বর্ণনা | যন্ত্রের পরিমাণ |
|---|---|
| Color Doppler with 2D Ultrasound | ২ ইউনিট |
| Treadmill (ETT Machine) | ১ ইউনিট |
| সর্বমোট | ১৩ |

আমদানিকৃত সকল যন্ত্রপাতি নিনমাসে স্থাপন এবং চালু করা হয়েছে। পরিদর্শনকালে এসব যন্ত্রপাতি দ্বারা রোগী দের সেবাদান করতে দেখা যায় | এসকল যন্ত্রপাতি ক্রয় খাতে ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী ১৫১৬.৭৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল | হঠাৎ ডলারের দামের উর্ধ্বগতির জন্য গত ২মে, ২০১৭ ডিপইসি সভার সুপারিশক্রমে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় থেকে ২১মে, ২০১৭ তারিখের নির্দেশক্রমে প্রাইস কন্টিনজেন্সি খাত থেকে ৯.০০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয় যা থেকে ৬.৮৮ লক্ষ টাকা পরবর্তীতে সমন্বয় করা হয় মর্মে প্রকল্প পরিচালক জানান | এ খাতে আর্থিক অগ্রগতি ১০০% ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৮.২ যন্ত্রপাতি (স্থানীয়) : প্রকল্পের আওতায় স্থানীয় মুদ্রা ৩১২.৪৪ লক্ষ টাকা ব্যয়ে ১০৮টি যন্ত্র ক্রয় করা হয়েছে যা সচল রয়েছে। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী এক্ষেত্রে বরাদ্দ ছিল ৩১২.৮৮ লক্ষ টাকা। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৮৬% ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৮.৩ আসবাবপত্র: ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী এক্ষেত্রে বরাদ্দ ছিল ৮.৫০ লক্ষ টাকা এবং ৮১টি আসবাবপত্রের সংস্থান ছিল| পরিদর্শনকালে এসব সংগৃহীত আসবাপত্র যথাযথ স্টীকারসহ নিনমাসে দেখা যায়। এ খাতে আর্থিক অগ্রগতি ১০০% ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৮.৪ অন্যান্য নির্মাণ কাজ: এই কাজের অধীনে সংস্কার কাজের অংশ হিসেবে নিনমাসের অবকাঠামোর (পূর্ত কাজ, সেনেটারী ও বৈদ্যুতিক কাজ) মেরামত ও সংস্কার করা হয়েছে। পূর্ত কাজের মধ্যে মেঝের মেরামত, ফ্লোর টাইলস, ইটের দেয়াল, প্লাস্টার, ওয়াল টাইলস, প্লাস্টিক পেইন্টস, জানালার গ্রিলের কাজ, এলুমিনিয়াম স্লাইডিং দরজা, সিলিং ডেকোরেশন, দরজার পাল্লা ও ফ্রেম তৈরির কাজ উল্লেখযোগ্য। নির্মাণ ও পূর্ত কাজ সম্পন্ন করতে মোট ২০০.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৯.৭৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%। নির্মাণ কাজের গুনগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়।

**প্রকল্প পরিদর্শনকালীন প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত বিভিন্ন যন্ত্রপাতি ও অন্যান্য স্থাপনারস্থির চিত্র:**




চিত্র:১ Dual Head SPECT-CT Scanner



চিত্র:২ Dual Head SPECT Scanner




চিত্র:৩ আধুনিক রিসেপশন




চিত্র:৪ ব্রেস্ট ফিডিং কর্নার

**১৯. আইএমইডি'র মতামত /সুপারিশ:**

**১৯.১. জনবল সংস্থানঃ** সম্ভাবনাময় ইনস্টিটিউটটির কাজের গতিশীলতার স্বার্থে প্রয়োজনীয় জনবল নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের বিজ্ঞানী/কর্মকর্তাদের গবেষণাবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে।

**১৯.২ গবেষণা ও উন্নয়ন:** নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলাইড সায়েন্সেস বিষয়টি চিকিৎসা বিজ্ঞানে প্রয়োজনীয় একটি ক্ষেত্র বিধায় NINMAS এ সংক্রান্ত শিক্ষণের পর্যাপ্ত সুযোগ সৃষ্টি করতে হবে। NINMAS প্রশিক্ষণ সংক্রান্ত একটি স্বতন্ত্র ইউনিট গঠন করা যেতে পারে। NINMAS যাতে নিউক্লিয়ার মেডিসিন সংক্রান্ত সকল ধরনের পরীক্ষণ সম্পন্ন করতে পারে তার জন্য যুগোপযোগী প্রযুক্তি ও সামর্থ্য নিশ্চিত করতে হবে। NINMAS উচ্চতর গবেষণায় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানকে সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা করা যেতে পারে;

**১৯.৩ যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ, খুচরা যন্ত্রাংশ ও প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য, স্ট্যান্ডার্ড, সলভেন্ট ইত্যাদি ক্রয়ের জন্য প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণঃ** এডিপি প্রকল্পের অধীনে নবায়নকৃত এ বিভাগে অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতি স্থাপিত রয়েছে। ওয়ারেন্টি পিরিয়ড সমাপ্তির পর এসব মূলধনী সম্পদ যথাযথভাবে সচল রাখা, গবেষণা ও উন্নয়ন, প্রশিক্ষণ প্রদান এবং সেবা প্রদান কাজসমূহ পরিচালনার লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ও প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য, স্ট্যান্ডার্ড, সলভেন্ট, ইত্যাদির ক্রয়ের জন্য প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ প্রয়োজন হবে। বিশেষায়িত এসব যন্ত্রপাতির মেরামত/সংরক্ষণ কাজ সঠিকভাবে পরিচালনার জন্য নির্মাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে বার্ষিক সেবা গ্রহণ চুক্তি সম্পাদন করা যেতে পারে। প্রকল্পের অধীনে নবসৃষ্ট সুবিধাদির সংরক্ষণ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

**১৯.৪ যন্ত্রের লগবুক, নমুনা রেজিস্টার, দর্শনার্থী রেজিস্টার, ইত্যাদি সংরক্ষণ:** NINMAS এ স্থাপিত অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতির লগবুক, নমুনা রেজিস্টার, দর্শনার্থী রেজিস্টার ইত্যাদি সংরক্ষণ করতে হবে। প্রকল্পের অধীনে অর্জিত সম্পদ যথাযথভাবে সম্পদ রেজিস্টার- এ লিপিবদ্ধ করে ট্যাগিং করতে হবে;

**১৯.৫ সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরন :** NINMAS এ প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন , বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার ইত্যাদি ) ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্টরভিত্তিক স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেমিনার সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে স্ব স্ব সেক্টরের জন্য প্রযোজ্য সেবার ব্যবহার এবং নতুন নতুন সেবার সৃষ্টি ও উন্নয়নের জন্য করণীয় নির্ধারণ করতে হবে;

**১৯.৬ দরিদ্র ও অসামর্থ রোগীদের পরীক্ষা নিরীক্ষা ফি:**দরিদ্র ও অসামর্থ রোগীদের পরীক্ষা নিরীক্ষা ফি মওকুফ করার ব্যবস্থা নেয়া

যেতে পারে;

**১৯.৭** উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৬) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

## মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও মনিটরিং গবেষণাগার স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: জুন,২০১৭)**

১। প্রকল্পের নাম: মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও মনিটরিং গবেষণাগার স্থাপন (২য় সংশোধিত)।

২। প্রকল্পের অবস্থান : মংলা, বাগেরহাট।

৩। উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* |
| ১৫৫৯.০০ | ১৯৩৮.০০ | ১৯২৫.৮৫ | জুলাই- ২০১২ থেকে জুন ২০১৬ | জুলাই- ২০১২ থেকে জুন ২০১৭ | জুলাই ২০১২ থেকে জুন ২০১৭ | ৩৬৬.৮৫ (২৩.৫৩%) | ১২ মাস (৩৩.৩৩%) |

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ( PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ক) রাজস্ব ব্যয় | | | | | | |
| ১। | লোকবল | | | | | |
| | ১. অফিসার | | ০.০০ | ০০ | | ০০ |
| | ২. কর্মচারী | | ৩৫.০০ | ০৪ | ৩১.৪২ | ০৪ |
| ২। | সরবরাহ ও সেবা | - | ৩৫.০০ | ০৪ | ৩১.৪২ | ০৪ |
| ৩। | পরামর্শ | | ১৩.৮২ | ১৮ | ১৩.৮২ | ১৮ |
| ৪। | মেরামত কাজ | - | ৪.৫০ | - | ৪.৫০ | - |
| | **মোট রাজস্ব (ক)** | | **১৬৬.৫৯** | | **১৬১.৬০** | |
| খ) মূলধন ব্যয় | | | | | | |
| ১। | সম্পদ ও পূর্ত | | | | | |
| | (ক) আমদানী কৃত | | ২৮২.৪২ | ০৬ | ২৮২.৪২ | ০৬ |
| | (খ) স্থানীয় | | ১২৬.০০ | ৬০ | ১২৬.০০ | ৬০ |
| ২। | আসবাবপত্র | | ৬৫.৭৪ | ২৪২ | ৬৫.৭৩ | ২৪২ |
| ৩। | যানবাহন | | ৩১.৭৫ | ০১ | ৩১.৭৫ | ০১ |
| ৪। | নির্মাণ ও পূর্ত | | ৭.৭৮ | ০.৭৫ | ৭.৭৫ | ০.৭৫ |
| ৫। | নির্মাণ কাজ | | ১২১০.৭২ | | ১২১০.৬০ | ls |
| | সিডি/ভ্যাট | - | ৩০.০০ | | ৩০.০০ | |
| **মোট** | | | **১৭৫৪.৪১** | | **১৭৫৪.২৫** | |
| | সম্ভাব্য | | | | | |

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (গ)বাস্তব | | | ১০.০০ | | ১০.০০ | |
| (ঘ) সম্ভাব্য মূল্য | | | ৭.০০ | | ০.০০ | |
| সর্বমোট (ক+খ+গ+ঘ) | | | ১৯৩৮.০০ (২৮২.৪২) | | ১৯২৫.৮৫ (২৮২.৪২) | |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃপ্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমি:

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ মংলা বন্দরে একটি স্বয়ংসম্পূর্ণ তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণ গবেষণাগার স্থাপন;
- ❖ মংলা বন্দর দিয়ে আমদানীকৃত খাদ্যসামগ্রী ও অন্যান্য পণ্যের তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণ;
- ❖ হাসপাতাল, শিল্প কারখানা, তেল-গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ আহরণের কাজে ব্যবহৃত আমদানীকৃত তেজস্ক্রিয়তা পদার্থ পরিবহনের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদান;
- ❖ বন্দর এবং শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয়তা পদার্থবাহী পণ্য পরীক্ষায় সহায়তাকরণ এবং
- ❖ দেশে তেজস্ক্রিয় দুর্ঘটনার সময় জরুরী সেবা প্রদান এবং তেজস্ক্রীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে শিক্ষা প্রদান।

৯.২ **প্রকল্পের পটভূমি:**

**প্রকল্পের পটভূমি:** শিল্পের কাঁচামাল ও উৎপাদিত দ্রব্যাদি মানুষের নিত্য প্রয়োজনে ব্যবহার হয় বিধায় এগুলো তেজস্ক্রিয়মুক্ত না হলে মানুষ ও পরিবেশের জন্য বিপর্যয় ডেকে আনতে পারে। এছাড়া, বিকিরণ নিয়ন্ত্রণ কার্যক্রম যথাযথভাবে প্রয়োগ না করা গেলে পারমাণবিক পদার্থসমূহ মানুষের বিকরণজনিত ক্ষতির কারণ হতে পারে। দেশে আমদানিকৃত খাদ্য সামগ্রী ও অন্যান্য মালামাল অধিকাংশই আসে চট্টগ্রাম ও মংলা বন্দরের মাধ্যমে। তেজস্ক্রিয় দূষণ খাদ্য সামগ্রী দেশে প্রবেশ রোধের জন্য ইতোমধ্যে বন্দরে Radioactivity Testing and Monitoring Laboratory স্থাপন করা হয়েছে। কিন্তু মংলা বন্দর দিয়ে দিন দিন পণ্য আমাদনির পরিমাণ বৃদ্ধি পেলেও এখানে কোন Radioactivity Testing and Monitoring Laboratory না থাকায় খাদ্যসামগ্রী ও অন্যান্য পণ্যের তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষা করা সম্ভব হচ্ছে না। এপ্রেক্ষিতে, মংলা বন্দরে একটি স্বয়ংসম্পূর্ণ Radioactivity Testing and Monitoring Laboratory স্থাপনের লক্ষে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:**আলোচ্য প্রকল্পটি ১৫৫৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১২ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩০-০৭-২০১২ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি করে এর ১ম সংশোধন করা হয় যা ১৩-০২-২০১৪ তারিখে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ১ম সংশোধনের ফলে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় দাড়ায় ১৭১২.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১২-জুন, ২০১৭ পর্যন্ত করা হয়। পরবর্তীতে পুনরায় প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি করে এর ২য় সংশোধন করা হয়। ২য় সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ১৯৫০.০০ লক্ষ টাকা। সম্প্রতি প্রকল্পের উন্নয়ন খাতের জনবলের বেতন ভাতা জাতীয় পে-স্কেল-২০১৫ মোতাবেক প্রদানের লক্ষে এর বিশেষ

সংশোধন করা হয় যা ৩১-০১-২০১৬ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে । বিশেষ সংশোধনের পর প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ১৯৩৮.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ১৭/১২/২০১৭তারিখে বাগেরহাট জেলার মংলা পোর্টে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১১.২ **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো**




চিত্র: প্রকল্পের আওতায় নির্মিত ভবন।



চিত্র:প্রকল্পের ক্রয়কৃত যন্ত্রপাতি ।



চিত্র: প্রকল্পে স্থাপিত যন্ত্রাংশ।



চিত্র: স্থাপিত যন্ত্রাংশ।

১২.০ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দপ্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র একজন কর্মকর্তা আ.ন.ম. রোকন উদ্দিন, পরিচালক পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব এ এস এম হাবিবুল্লাহ খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের নিজস্ব জনবল। ৪ জন কর্মচারী সরাসরি নিয়োগের মাধ্যমে প্রকল্পের কাজে নিয়োজিত ছিলেন এবং প্রকল্প

ফান্ড হতে বেতন ভাতা গ্রহণ করেছেন। এছাড়াও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সংশ্লিষ্টগণ সরাসরি প্রকল্পের কাজের সাথে সম্পৃক্ত থেকে কার্যক্রম বাস্তবায়নে পূর্ণাঙ্গ সহযোগিতা করেন।

১৪.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবি | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | এ এস এম হাবিবুল্লাহ খান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | খন্ডকালীন | ১৪/০৪/২০১২ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

১৫.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

| ক্রঃ নং | কাজের নাম | চুক্তি মূল্য | টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ | কার্যাদেশের তারিখ | কাজ সমাপ্তির তারিখ | প্রকৃতকার্য সমাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | যানবাহন ক্রয় | | | | ২০/০৩/২০১৩ | সমাপ্ত | যানবাহনটি নতুন প্রকল্পে স্থানান্তর করা হয়েছে। |
| ২ | অফিস ভবন নির্মাণ | ৮০৪.৭২ | ০৭/১১/২০১৩ | ২০/০২/২০১৪ | ১৯/০২/২০১৬ | ২৮/০৫/২০১৬ | |
| ৩ | বৈদেশিক যন্ত্রপাতি ক্রয় | ২৮২.৪০ | ৩০/১২/২০১৫ | ২৮/০৫/২০১৬ | ২৭/০৯/২০১৬ | ২৫/০৯/২০১৬ | |

১৬.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পনা | অর্জন |
|---|---|
| (ক) মংলা বন্দরে একটি স্বয়ংসম্পূর্ণ তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণ গবেষণাগার স্থাপন; | (ক) মংলা বন্দরে একটি স্বয়ংসম্পূর্ণ তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণ গবেষণাগার স্থাপনকরা হয়েছে; |
| (খ) মংলা বন্দর দিয়ে আমাদনীকৃত খাদ্যসামগ্রী ও অন্যান্য পণ্যের তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণ; | (খ) মংলা বন্দর দিয়ে আমাদনীকৃত খাদ্যসামগ্রী ও অন্যান্য পণ্যের তেজস্ক্রিয়তা ও বিকিরণের মাত্রা পরীক্ষণের জন্য ল্যাব প্রস্তুতকরা হয়েছে; |
| (গ) হাসপাতাল, শিল্প কারখানা, তেল-গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ আহরণের কাজে ব্যবহৃত আমাদনীকৃত তেজস্ক্রিয় পদার্থ পরিবহনের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদান; | (গ) হাসপাতাল, শিল্প কারখানা, তেল-গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ আহরণের কাজে ব্যবহৃত আমাদনীকৃত তেজস্ক্রিয় পদার্থ পরিবহনের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে ; |
| (ঘ) বন্দর এবং শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয় পদার্থবাহী পণ্য পরীক্ষায় সহায়তাকরণ এবং | (ঘ) বন্দর এবং শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয় পদার্থবাহী পণ্য পরীক্ষায় সহায়তা করা হচ্ছে। |
| (ঙ) দেশে তেজস্ক্রিয়তা দুর্ঘটনার সময় জরুরী সেবা প্রদান এবং তেজস্ক্রীয়তা নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে শিক্ষা প্রদান। | (ঙ) দেশে তেজস্ক্রিয়তা দুর্ঘটনার সময় জরুরী সেবা প্রদান এবং তেজস্ক্রীয়তা নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে শিক্ষা প্রদানের সক্ষমতা অর্জিত হয়েছে। |

১৭ .০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১ **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:** পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন কোন অডিট হয়নি। এক্সটার্নাল চারটা অডিট হয়েছে। এক্সটার্নাল অডিটে অনেকগুলো আপত্তি ছিল যা পরবর্তীতে নিষ্পত্তি হয়েছে। সর্বশেষ অডিটের এখনো কোন রিপোর্ট হয়নি।

১৮.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১ **Time& cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ১৫৫৯.০০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১২ হতে জুন ২০১৬ মেয়াদের জন্য গত ১৩/০৮/২০১২ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম ও ২য় সংশোধনীর মাধ্যমে ১৯৩৮.০০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ১ (এক) বৎসর এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৩৭৯.০০ লক্ষ টাকা। প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। প্রকল্প পরিচালকের বক্তব্য হল প্রকল্পটি বাস্তবায়ন করতে গিয়ে বৈজ্ঞানিক কিছু যন্ত্রপাতি প্রয়োজন হয়ে পড়ে যা মূল ডিপিপিতে ছিল না। সে কারনে প্রাক্কলন বৃদ্ধি পায় ও সময় বেশি লাগে।

১৮.২ **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত:** প্রকল্পের মাধ্যমে ছয় তলা ফাউন্ডেশন দিয়ে দুই তলা একটি ভবন নির্মাণ করা হয়েছে। ভবনের নিচ তলায় চারটি ল্যাব স্থাপন করা হয়েছে। মূল ভবনের ২য় তলায় লাইব্রেরী, সেমিনার কক্ষ, ক্লাস রুম, স্টোর রুম, এবং কর্মকর্তাদের অফিস রুম, নমুনা সংরক্ষনের স্টোর রুম। মূল ভবন সংলগ্ন উত্তর পার্শ্বে ২য় তলা ফাউন্ডেশনের দুই তলা ভবন নির্মাণ করা হয়েছে। নিচ তলায় ক্লিনিক কক্ষ, রান্না ও ডাইনিং সুবিধা কক্ষ এবং ২য় তলায় বিশ্রামাগার করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে ১ম তলা ফাউন্ডেশনে একটি সাব স্টেশন ভবন নির্মাণ করা হয়েছে। সাব স্টেশনটি ২৫০ KvA ক্ষমতা সম্পন্ন এবং একটি জেনারেটর স্থাপন করা হয়েছে যার ক্ষমতা ১৫০ KvA। ড্রাইভারদের থাকা এবং গাড়ী রাখার জন্য এক তলা বিশিষ্ট একটি ভবন নির্মাণ করা হয়েছে। ভবনের সামনে একটি চমৎকার ফোয়ারা নির্মাণ করা হয়েছে। ভবনের চারপাশে বাউন্ডারী দেয়াল, একটি প্রধান গেট এবং গার্ড হাউজ নির্মাণ করা হয়েছে । অভ্যন্তরীন রাস্তা, মাষ্টার ড্রেন, এবং পার্কিং সুবিধা নির্মাণ করা হয়েছে।

১৮.৩ **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণ কাজে বর্তমানে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। সর্বোপরি, বাহ্যিকভাবে প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৪ **প্রকল্পের মাধ্যমে খাদ্য সামগ্রী তেজস্ক্রিয়তা পরিক্ষণ সংক্রান্ত ল্যাব স্থাপন:** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল মংলা বন্দর দিয়ে আমদানি কৃত বিভিন্ন খাদ্য সামগ্রী ও অন্যান্য মালামালের তেজস্ক্রিয়তা পরীক্ষা করা। মংলা বন্দর দিয়ে যে সব খাদ্য সামগ্রী আমদানি করা হয় তার পরীক্ষা এখন পর্যন্ত নমুনা ঢাকায় পাঠিয়ে তেজস্ক্রিয়তা পরীক্ষা করা হয় যা সময় ও ব্যয় সাপেক্ষ। এই প্রকল্পের মাধ্যমে চারটি ল্যাব স্থাপন করা হয়েছে এবং বিভিন্ন ধরনের নমুনা পরীক্ষা করার জন্য যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এসব যন্ত্রপাতির মাধ্যমে আমদানিকৃত খাদ্য সামগ্রী ও অন্যান্য মালামালের তেজস্ক্রিয়তা পরীক্ষা করা সম্ভব বলে প্রকল্প পরিচালক জানান।

১৮.৫ **জনবলের স্বল্পতা:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে আমদানিকৃত খাদ্য সামগ্রী ও অন্যান্য মালামালের তেজস্ক্রিয়তা পরীক্ষার অত্যাধুনিক ল্যাবরেটরি ও গবেষণাগার নির্মিত হয়েছেএবং অনেক নতুন নতুন যন্ত্রপাতি স্থাপিত হয়েছে। ল্যাবরেটরিটি এখনি ব্যবহার উপযোগী কিন্তু জনবল স্বল্পতার কারনে তা অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের জনবল স্বল্পতার কারনে প্রয়োজনীয় জনবল দিতে পারছেনা । এর ফলে ল্যাবরেটরিটিতে মংলা বন্দর দিয়ে আমাদানিকৃত বিভিন্ন মালামালের তেজস্ক্রিয়তা পরীক্ষা করা সম্ভব হচ্ছে না।প্রকল্পটি চালু করার নিমিত্ত যথাসময়ে প্রয়োজনীয় রাজস্ব খাতের জনবলের পদ সৃষ্টি ও নিয়োগ প্রক্রিয়া শুরু করা হয়নি বলে ল্যাবরেটরিটির প্রয়োজনীয় জনবলের পদ সৃষ্টি হয়নি ও জনবল পদায়ন করা সম্ভব হয়নি। প্রতিষ্ঠানটি চালু করার নিমিত্ত এর জনবল কাঠামোসহ পরিচালনা নীতিমালা নির্ধারণ পূর্বক দ্রুত প্রকল্পের রাজস্ব খাতের জনবলের পদ সৃষ্টি করে পদায়ন করা প্রয়োজন।

১৮.৬ **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:** এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশি বিদেশী বিভিন্ন প্রকার যন্ত্রপাতি, আসবাবপত্র ও অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ও মালামাল সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্পটির সম্পদ রেজিষ্টার যাচাই করে যন্ত্রপাতি ও মালামাল সঠিক পাওয়া গেছে।

১৯.০ **<u>সুপারিশ/মতামত:</u>**

১৯.১ প্রকল্পটি মূল প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত অর্থে সমাপ্ত হয়নি, এক বছর সময় এবং প্রাক্কলন ৩৭৯.০০ লক্ষ টাকা অতিরিক্ত লেগেছে।মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন ও বাস্তবায়ন মেয়াদ সঠিক ভাবে করতে হবে এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপির নির্ধারিত অংগ, অর্থ ও মেয়াদের মধ্যে শেষ করতে হবে যাতে প্রাক্কলন ও মেয়াদ বৃদ্ধি করতে না হয়।

১৯.২ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার ***টিওই ভুক্ত করতে হবে। মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য*** নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য ***রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে।***

১৯.৩ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে।

১৯.৪ প্রকল্পটি সমাপ্ত হয়েছে এবং উদ্দেশ্য বাস্তবায়নের জন্য অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। কিন্তু জনবলের অভাবে ল্যবরেটরির কাজ শুরু হয়নি যা খুবই দুঃখ জনক। প্রয়োজনীয় জনবল পদায়ন করে ল্যাবরেটরিটি দ্রুত চালু করতে হবে।

১৯.৫ সর্বশেষ অডিটের রিপোর্ট দ্রুত আনার ব্যবস্থা করতে হবে এবং কোন আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।

১৯.৬ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

# Study Project for Establishment of Marine Aquarium at Bangladesh Oceanographic Research Institute, Cox's Bazar শীর্ষক **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্ত: জুন, ২০১৭)**

১. প্রকল্পের নাম : Study Project for Establishment of Marine Aquarium at Bangladesh Oceanographic Research Institute, Cox's Bazar

২. উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্প এলাকা : রামু, কক্সবাজার।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* |
| ১৯৫.০০ | ১৯৫.০০ | ১৭৫.২৮ | সেপ্টেম্বর ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৬ | সেপ্টেম্বর ২০১৫থেকে জুন ২০১৭ | সেপ্টেম্বর ২০১৫ থেকে জুন ২০১৭ | ১৯.৭২ (-১০%) | ৬ মাস (৩৭.৫%) |

৬. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

*(লক্ষ টাকায়)*

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | স্টেশনারী | - | - | ৫.০০ | - | ২.৯৬ |
| ২। | স্টাডি ট্যুর | ১ | ১ | ১৫৫.০০ | | ১৪১.৫৭ |
| ৩। | সেমিনার ও সভা | ১ | ১ | ০৫.০০ | | ৩.০২ |
| ৪। | ফিজিবিলিটি স্টাডি | ১ | ১ | ২৫.০০ | | ২৪.৫২ |
| ৫। | অন্যান্য | - | - | ০৫.০০ | | ৩.২১ |
| | মোট: | | | ১৯৫.০০ | | ১৭৫.২৮ |

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি:

সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপনের জন্য বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ১৯৯৪ সালে একটি সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা হয়। সম্ভাব্যতা প্রতিবেদনে বাংলাদেশে একটি জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপনের সুপারিশ করা হলেও ঐ সময়ে তা বাস্তবায়নের কোন উদ্যোগ নেওয়া হয়নি। ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর জাতির জনকের স্বপ্ন বাস্তবে রূপদানের জন্য তাঁর নির্দেশে জাতীয় সমুদ্র বিজ্ঞান ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য একটি রিভিউ কমিটি গঠন করা হয়। উক্ত রিভিউ কমিটির সুপারিশের ভিত্তিতে ২০০০ সালে জাতীয় সমুদ্র বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৫.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০০০ থেকে জুন ২০০৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৭/৩/২০০১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এরপর ব্যয় বৃদ্ধি ব্যতিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ তিন বছর বৃদ্ধি করা হয়। কিন্তু যথাসময়ে জমি অধিগ্রহণ করতে না পারায় প্রকল্পটি বাস্তবায়নে বিলম্ব ঘটে। জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প ২০০০ সালে গ্রহণ করা হলেও মূলত বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে পুনরায় ক্ষমতায় আসার পরে প্রকল্পটি প্রাণ ফিরে পায় এবং প্রকল্পের দৃশ্যমান অগ্রগতি অর্জিত হয়। বিগত ২/৭/২০০৯ তারিখের একনেক সভায় ৪ একর জমির উপর ইনস্টিটিউট প্রতিষ্ঠার প্রস্তাব উপস্থাপন করা হলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য জমির পরিমান ৪ একরের পরিবর্তে ৪০ একর বৃদ্ধি করে প্রকল্প এলাকায় গবেষণাগার, আবাসিক ভবন, মেরিন একুরিয়াম, গবেষকদের ছেলে-মেয়েদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি ব্যবস্থাসহ একটি স্বয়ংসম্পূর্ণ গবেষণা ইনস্টিটিউট স্থাপনের জন্য প্রকল্পটি পুনর্গঠন করে পুনরায় উপস্থাপনের অনুশাসন প্রদান করেন। ১১/৮/২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে প্রকল্পের জমির পরিমান ০৪ একরের পরিবর্তে ৪০ একর, প্রকল্পের মোট ব্যয় ৮০৭৫.০০ লক্ষ ( আশি কোটি পঁচাত্তর লক্ষ) টাকায় বৃদ্ধি এবং বাস্তবায়নকাল জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পের ১ম সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধন অনুমোদনকালে প্রকল্পে মেরিন এক্যুরিয়াম স্থাপনের বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়। কিন্তু মেরিন এক্যুরিয়াম স্থাপন একটি বিশেষায়িত কাজ বিধায় প্রকল্পের ২য় সংশোধনকালে জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রাঙ্গনে মেরিন এক্যুরিয়াম নির্মাণের জন্য একটি স্বতন্ত্র প্রকল্প গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুশাসন প্রদান করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এই মেরিন এক্যুরিয়াম তৈরির নিমিত্ত সমীক্ষা প্রকল্প টি গ্রহণ করেছে।

১০. প্রকল্পের উদ্দেশ্য : এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো পর্যটন ও গবেষণা সহজতর করার লক্ষ্যে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই) ক্যাম্পাস, কক্সবাজারে বিশ্বমানের মেরিন অ্যাকুরিয়াম প্রতিষ্ঠা করা। এছাড়াও নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ পূরণের লক্ষ্যে প্রস্তাবিত মেরিন অ্যাকুরিয়াম নির্মাণ করা হবে।

- ওশানোগ্রাফি ও মেরিন বায়োলজি ক্ষেত্রে শিক্ষা ও গবেষণা সুবিধা সৃষ্টি করা।
- বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রম পরিচালনা ও প্রয়োগ করা।
- সামুদ্রিক জীববৈচিত্র সংরক্ষণ কাজে সহায়তা করা।
- নিকটবর্তী দেশসমূহের সাথে সামুদ্রিক জীবপ্রজাতির আঞ্চলিক সহযোগিতা সম্প্রসারিত করা।
- পর্যটকের সংখ্যা বৃদ্ধি করা এবং কক্সবাজারে অর্থনৈতিক কর্মকান্ড ত্বরান্বিত করা।

১১. প্রকল্পের অনুমোদন: প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ১৯৫.০০ লক্ষ টাকা (এর সম্পূর্ণ অংশই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি করা হয়।

১২. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়নি।

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

| নাম ও পদবী | পূর্ণকালীন / খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১। সৈয়দ তাওহিদুর রহমান যুগ্ম সচিব | অতিরিক্ত দায়িত্ব | ০৪/০৯/২০১৫ | ০৯/১০/২০১৬ | ০৪/০৯/২০১৫ হতে ০৯/১০/২০১৬ |
| ২। মোঃ আব্দুল মতিন যুগ্ম সচিব | অতিরিক্ত দায়িত্ব | ০৯/১০/২০১৬ | ৩০/০৬/২০১৭ | ০৯/১০/২০১৬ হতে ৩০/০৬/২০১৭ |

১৪. **অডিট সংক্রান্ত :**

| অডিট সময়কাল | অডিট রিপোর্ট জমাদানের তারিখ | অডিট আপত্তি আছে কিনা | অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা |
|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | ২০/১২/২০১৬ | শূণ্য | প্রযোজ্য নয় |

১৫. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| ১ | প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো পর্যটন ও গবেষণা সহজতর করার লক্ষ্যে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই) ক্যাম্পাস, কক্সবাজারে বিশ্বমানের মেরিন অ্যাকুরিয়াম প্রতিষ্ঠা করা। এ লক্ষ্যে ফিজিবিলিটি ষ্টাডি ও ডিপিপি প্রণয়ন করা প্রকল্পের মূল কার্যক্রম। | বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই) ক্যাম্পাস, কক্সবাজারে বিশ্বমানের মেরিন অ্যাকুরিয়াম প্রতিষ্ঠা করা। এ লক্ষ্যে ফিজিবিলিটি ষ্টাডি সম্পন্ন করা হয়েছে। এ প্রকল্পের জন্য ডিপিপি প্রণয়ন করা হয়েছে। |

১৬. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৭. প্রকল্প এলাকা পরিদর্শন:

১৭.১ গত ২৯/১২/২০১৭ তারিখ আইএমইডি'র উপ পরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন সময় উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব আবু সাঈদ মুহাম্মাদ শরীফ , ও বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ তরিকুল ইসলাম এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

**প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:**






চিত্র:১ ও ২ ওশানোগ্রাফিক রিসার্চ ইনষ্টিটিউট, রামু, কক্সবাজার



চিত্র:৩ ওশানোগ্রাফিক রিসার্চ ইনষ্টিটিউট এর অভ্যন্তরে নির্বাচিত স্থান



চিত্র:৪ উপ-পরিচালক, আইএমইডি কর্তৃক পরিদর্শন।

**১৮. আইএমইডি'র পর্যবেক্ষণ:**

১৮.১ প্রকল্পটি অনুমোদিত ব্যয়সীমার মধ্যে বাস্তবায়িত হয়েছে এবং প্রকল্পের উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের মেরিন একুরিয়াম প্রতিষ্ঠার জন্য ভিত্তি তৈরী হয়েছে। ওশানোগ্রাফিক রিসার্চ ইনষ্টিটিউট, রামু, কক্সবাজারের নৈসর্গিক পরিবেশে মেরিন একুরিয়াম প্রতিষ্ঠার ক্ষেত্রে অগ্রগতি সাধিত হয়েছে। ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এর অভ্যন্তরে মেরিন একুরিয়াম প্রতিষ্ঠার স্থান নির্বাচন করা হয়েছে। নির্বাচিত স্থানটি বঙ্গোপসাগরের নিকটবর্তী এবং কক্সবাজার, টেকনাফ মেরিন ড্রাইভের রাস্তার সংলগ্ন। ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের জায়গাটির অভ্যন্তরে ভূবৈচিত্র্য রয়েছে। এ ভূবৈচিত্র্য অক্ষুন্ন রেখে মেরিন একুরিয়াম প্রতিষ্ঠা করা যাবে। পরিদর্শনে দেখা যায় যে, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার ক্যাম্পাসে মেরিন একুরিয়াম স্থাপনের জন্য ১০ একর পরিমান জায়গা রয়েছে। ১০ একর জায়গায় পাহাড় রয়েছে বিধায় সমতল ভূমির পরিমান কমে গেছে।

১৮.২ পাহাড়ি ঢল স্বাভাবিকভাবে প্রবাহিত হওয়ার জন্য অভ্যন্তরীণ ছড়াসমূহ পাড় কংক্রিট দিয়ে বেঁধে অটুট রাখার ব্যবস্থা করা হয়েছে।

১৮.৩ প্রকল্প এলাকাটি প্রত্যন্ত, পাহাড়ি ও সমুদ্র উপকূলবর্তী এলাকায় অবস্থিত বিধায় বাউন্ডারী ওয়াল নির্মান করা হয়েছে। পাহাড়ের দিকে ওয়ালের পরিবর্তে কাঁটা তারের বেড়া দেওয়া হয়েছে। তাছাড়া বাউন্ডারী ওয়ালের দুই জায়গার ফাঁকা পাওয়া গেছে, যা পূরণ করা প্রয়োজন।

**১৮.৪** মেরিন অ্যাকুরিয়াম প্রতিষ্ঠা করা হলে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই), বিশ্ববিদ্যালয় ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানসমূহে সামুদ্রিক গবেষণা ও বৈজ্ঞানিক কাজ করার সুযোগ সৃষ্টি হবে। সামুদ্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা ও গবেষণার ফলাফলের ব্যবহারিক প্রয়োগ করা সম্ভব হবে।

**১৯. আইএমইডি'র মতামত /সুপারিশ:**

১৯.১ নির্ধারণকৃত জায়গায় মেরিন একুরিয়াম স্থাপন করা সম্ভব হলেও মেরিন একুরিয়াম স্থাপনের জন্য আরো ভূমি প্রয়োজন হবে। সেক্ষেত্রে প্রয়োজনে প্রকল্প এলাকার উত্তর দিকে জায়গা সম্প্রসারণের বিষয়টি বিবেচনা করতে হবে।

১৯.২ যতদূর সম্ভব পরিবেশ ঠিক রেখে অর্থাৎ পাহাড় না কেটে বিদ্যমান ল্যান্ডস্কেপ ঠিক রাখলে সৌন্দর্য বৃদ্ধি পাবে।

১৯.৩ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার, এ মেরিন অ্যাকুরিয়াম প্রতিষ্ঠার পরবর্তী প্রয়োজনীয় ধাপ/কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে শুরু করতে হবে।

১৯.৪ এ ধরনের প্রকল্প এদেশে প্রথম বিধায় অভিজ্ঞ বিদেশী পরামর্শক নিয়োগ করা সমীচীন হবে।

১৯.৫ মেরিন একুরিয়াম স্থাপনের সাথে সাথে প্রকল্প এলাকার আশে পাশে পর্যটক দের যাতায়াত ও অবস্থানের ব্যবস্থা র জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের দ্রুত পদক্ষেপ গ্রহণ বাঞ্চনীয়।

১৯.৬ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৫) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।